যুগান্তর

তারিখ 19 MAY 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# এমপিওভুক্তির দাবিতে কম্পিউটার শিক্ষকদের মানববন্ধন

যুগান্তর রিপোর্ট

দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষকরা এমপিওভুক্তির দাবিতে সোমবার রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করেছেন। 'বাংলাদেশ এমপিওবঞ্চিত সহকারী শিক্ষক (কম্পিউটার) কমিটি' এ কর্মসূচির আয়োজন করে। সংগঠনের যুগ্ম আহ্বায়ক এসএম শামীমুর রহমান বলেন, সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষকের পদ সৃষ্টি করে। কম্পিউটার শিক্ষকের পদকে প্যাটার্নভুক্ত ১১ জন শিক্ষকের একটি করা হয়। আবশ্যিক করা হয় কম্পিউটার শিক্ষা বিষয়কে। ২০১১ সালের আগ পর্যন্ত বেসরকারি সব শিক্ষাপ্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) নিয়োগ করা কম্পিউটার শিক্ষকের (সহকারী শিক্ষক) পদকে এমপিওভুক্ত করা হয়। কিন্তু ২০১১ সালের ১৩ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয় অর্থ বরাদ্দ নেই উল্লেখ করে এক প্রজ্ঞাপনের মাধ্যমে কম্পিউটার বিষয়ে শিক্ষকের এমপিওভুক্তি স্থগিত করে। এ বিষয়ে অতিরিক্ত শাখা খোলা ও শিক্ষক নিয়োগ করা হলে তা প্রতিষ্ঠানকে বহন করতে হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। কিন্তু এ বিষয়ে শিক্ষক নিয়োগে তাগাদা দেয়া হয়। গত চার বছরে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রায় আট শতাধিক শিক্ষক নিয়োগ করা হলেও তাদের এমপিওভুক্ত করা হয়নি।